



তারিখ... ১৩... ২০১৪
পৃষ্ঠা... ৪... ২...

জাতীয় বিশ্ববিদ্যালয়ের আন্দোলন ও দিনের জন্য স্থগিত ॥ ব্যবস্থা না নিলে কঠোর কর্মসূচী

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ১৮ মে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নানা জটিলতা ও সমস্যাবলী সমাধানে কর্মকর্তা-কর্মচারীদের রবিবারের আন্টিমেটাম তিন দিনের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে আলোচনার পর রবিবার এ সিদ্ধান্ত নেয়া হয়। তবে তিন দিনের মধ্যে কোন পদক্ষেপ নিতে ব্যর্থ হলে কর্মকর্তা-কর্মচারীরা, কঠোর ব্যবস্থার আন্দোলনের কর্মসূচী ঘোষণারও হুমকি দিয়েছেন। এদিকে রবিবার জারিকৃত একটি অফিস আদেশ নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির আশঙ্কায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে। জানা গেছে, রবিবার

বিশ্ববিদ্যালয়ের শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য গঠিত কমিটির প্রধান অর্থ ও হিসাব বিভাগের পরিচালক মোঃ ইব্রাহিমের কক্ষে সাড়ে ৯টায় একটি বৈঠক অনুষ্ঠিত হয়। এ সময় কমিটির সদস্য জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক এনামুল করিম, স্নাতক পূর্ব শিক্ষাবিষয়ক ফুলের তিন ফকির রফিকুল আলম এবং ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক আব্দুল হামিদ উপস্থিত ছিলেন। পরে সকাল ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতি নিয়ে আন্দোলনরত কর্মকর্তা-কর্মচারীদের পক্ষে তাঁদের প্রতিনিধিদের সঙ্গে আনুষ্ঠানিক বৈঠক করেন। বৈঠকে বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি নিরসনের আদ্যক্ষয় দিয়ে আন্দোলন

কর্মসূচী স্থগিতের অনুরোধ জানালে আন্দোলনকারীরা তাঁদের কর্মসূচী স্থগিত করে কর্তৃপক্ষকে তিন দিনের সময় বেঁধে দেন। এ সময়ের মধ্যে কর্তৃপক্ষ কোন পদক্ষেপ না নিলে কঠোর লাগাতার কর্মসূচীর ঘোষণা নেয়া হবে বলে তাঁরা জানান। বৈঠকে ভারপ্রাপ্ত ডিসির বর্তমান সময়ে বিশ্ববিদ্যালয়কে দুর্নীতির 'শোয়াভ', 'নরক' ইত্যাদির সঙ্গে তুলনা করার ক্ষেত্র প্রকাশ করা হয়। বৈঠকে কর্মকর্তা-কর্মচারীদের পক্ষে উৎসাহীকৃত নিয়ন্ত্রক ড. মঞ্জুর মাহমুদ, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা জহিরুজ্জামান, বশির আহমেদ, আবু হানিফ বন্দকার, মিয়া হোসেন

ক্যাম্পাসে পুলিশ মোতায়েন

রাসাহ হায় ১৫ প্রতিনিধি উপস্থিত ছিলেন। এদিকে রবিবার বিশ্ববিদ্যালয়ের উপরেজিষ্টার (প্রশাসন) কবুল আদিন জারিকৃত (বারক নং-০১(৮১০ জাতীয়বিঃ/প্রশা/২০০৫) একটি অফিস আদেশ নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। আদেশে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের অফিস চলাকালীন বিভাগীয় প্রধানের অনুমতি ছাড়া ব্যক্তিগত বা দলবদ্ধভাবে সর্বশ্রেষ্ঠ শাখা, দফতর বা অফিসের বাইরে ঘোরাফেরা না করার জন্য নির্দেশ প্রদান করা হয়। এ নির্দেশ অমান্যকারীর বিরুদ্ধে চাকরি বিধি অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। একটি সত্র জানায়, ডিসি নিজেই এ আদেশের ফটোকপি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দফতরে নিজ হাতে বিলি করেছেন।